গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল পরিকল্পনা রেল ও সড়ক শাখা
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০১২.২২.৩৩৭

তারিখ: ২৩ ফাল্গুন ১৪৩০
০৭ মার্চ ২০২৪

বিষয়: **চট্টগ্রাম বিভাগে বিভিন্ন খাতে বিলি-বিতরণের জন্য সড়ক পথে ৩১০০ মে.টন বোরো'২৩ সিদ্ধ চালের চলাচলসূচির পূর্বানুমোদন**

সূত্র: আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম ০৭-০৩-২০২৪ খ্রি. এর ১৩.০১.০০০০.২১০.৫১.০০১.২৩-৭২৭ নং স্মারক

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নোয়াখালী ও চাঁদপুর জেলার এলএসডিসমূহে পর্যাপ্ত মজুত না থাকায় মার্চ-এপ্রিল’২৪ মাসে ইপি-ওপি, ভিডব্লিউবি, খাদ্যবান্ধব ইত্যাদি খাতে বিতরণের জন্য চট্টগ্রাম জেলার দেওয়ানহাট ও হালিশহর সিএসডি হতে মোট ৩১০০ মে.টন বোরো’২৩ সিদ্ধচাল ডিআরটিসির মাধ্যমে চলাচল সূচি জারির অনুমোদন প্রদানের জন্য আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম কর্তৃক সূত্রস্থ স্মারকে নিম্নোক্তভাবে অনুরোধ করা হয়েছে।

এমতাবস্থায়, আখানি, চট্টগ্রাম এর প্রস্তাবমতে নোয়াখালী ও চাঁদপুর জেলার এলএসডিসমূহে পর্যাপ্ত মজুত না থাকায় মার্চ-এপ্রিল’২৪ মাসে ইপি-ওপি, ভিডব্লিউবি, খাদ্যবান্ধব ইত্যাদি খাতে বিতরণের জন্য চট্টগ্রাম জেলার হালিশহর সিএসডি হতে ১৭০০ মে.টন ও দেওয়ানহাট সিএসডি হতে ১৪০০ মে.টনসহ মোট ৩১০০ মে.টন বোরো’২৩ সিদ্ধচাল ডিআরটিসির মাধ্যমে সূচি জারির প্রস্তাবের অনুমোদন নিম্নোক্তভাবে নির্দেশনাসমূহ যথাযথ পরিপালন শর্তে নির্দেশক্রমে প্রদান করা হলো।

**সারণি-১ : চট্টগ্রাম বিভাগে বোরো’২৩ সিদ্ধ চালের চলাচল সূচির অনুমোদন**

| ক্র. নং | প্রেরক জেলা | প্রেরণ কেন্দ্র | প্রাপক জেলা | প্রাপক কেন্দ্র | পরিমাণ (মে.টন) | পণ্য | রুট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | চট্টগ্রাম | হালিশহর সিএসডি | নোয়াখালী | সোনাপুর এলএসডি | ৮০০ | বোরো’২৩ সিদ্ধচাল | সড়ক পথ | |
| ২. | ঐ | ঐ | ঐ | চরবাটা এলএসডি | ৩০০ | ঐ | ঐ | |
| ৩. | ঐ | ঐ | চাঁদপুর | ফরিদগঞ্জ এলএসডি | ৩০০ | ঐ | ঐ | |
| ৪. | ঐ | ঐ | ঐ | মতলব (উ:) | ৩০০ | ঐ | ঐ | |
| ৫. | ঐ | দেওয়ানহাট সিএসডি | নোয়াখালী | সোনাপুর এলএসডি | ৭০০ | ঐ | ঐ | |
| ৬. | ঐ | ঐ | ঐ | চরবাটা এলএসডি | ৩০০ | ঐ | ঐ | |
| ৭. | ঐ | ঐ | চাঁদপুর | ফরিদগঞ্জ এলএসডি | ২০০ | ঐ | ঐ | |
| ৮. | ঐ | ঐ | ঐ | মতলব (উ:) | ২০০ | ঐ | ঐ | |
| | | | | মোট = | ৩১০০ | | | |

**নির্দেশনাসমূহ:**

(১) খাদ্যশস্য ও খাদ্য দ্রব্যের চলাচল সূচি প্রণয়ন নীতিমালা,২০০৮ অনুসরণপূর্বক উক্ত সূচি বাস্তবায়ন করতে হবে;


(২) পূর্বানুমোদনের আওতায় চালের খামাল গঠন হওয়ার পর তদারককারী কর্মকর্তা কর্তৃক এলএসডি'র মজুত যাচাই ও কারিগরি খাদ্য পরিদর্শক কর্তৃক খামাল সার্ভেপূর্বক বিনির্দেশ সম্পন্ন বিশ্লেষণ প্রতিবেদন জারির পর পর্যায়ক্রমে সূচি জারি করতে হবে;

(৩) 'খাদ্যশস্য প্রেরণ-প্রাপ্তিকালে করণীয় নির্দেশনা' সম্পর্কিত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর মহোদয় স্বাক্ষরিত ১১-০৫-২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭-২১১ নং প্রজ্ঞাপন এবং 'এলএসডি'র/সিএসডি'র সর্বোচ্চ ধারণ ক্ষমতা ব্যবহার সম্পর্কিত নির্দেশনা' বিষয়ক ১৮-০৪-২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯-৩৫৪ নং স্মারক, ২৯-১১-২০২১ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯.১২২৪ নং স্মারক, ২২-০৫-২০২২ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯-৪৭৮ নং স্মারক, ২১-১২-২০২২ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯.১৪৬৫ স্মারক ও ০২-০৫-২০২৩ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯.৫২৭ স্মারকের পত্রসমূহ কঠোরভাবে অনুসরণ করতে হবে;

(৪) এছাড়া ০৯-০৫-২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৯১.৪৭.০০২.০৯.৯৯৮ নং স্মারকে অভ্যন্তরীণ খাদ্যশস্য নীতিমালা, ২০১৭ এর ১৩(গ) অনুচ্ছেদ এবং খাদ্য অধিদপ্তরের উল্লিখিত স্মারকের নির্দেশনা অনুযায়ী সকল খাদ্য গুদামে চুক্তিবদ্ধ মিলার কর্তৃক সরবরাহতব্য চালের বস্তার অপর পীঠে ডিজিটাল স্টেন্সিলের স্পষ্ট ছাপ দেওয়ার যথাযথ প্রক্রিয়া অনুসরণ করতে হবে;

(৫) এই পূর্বানুমোদনের আওতায় জারিকৃত সূচি মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর স্বাক্ষরিত ০৮-০৬-২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭-৫২৬ নং স্মারকে জারিকৃত নির্দেশনা মোতাবেক Movement Software এর মাধ্যমে আবশ্যিকভাবে জারি করতে হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।



৮-৩-২০২৪

মোঃ নাজমুল হক ভূঁইয়া (০২২০৭)
উপপরিচালক
ফোন: +৮৮-০২-৯৫৮৪৮৩৪
ফ্যাক্স: +৮৮-০২-৯৫৫৬০৬৭
ইমেইল: dg@dgfood.gov.bd

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, চট্টগ্রাম

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০১২.২২.৩৩৭/১(৫)

তারিখ: ২৩ ফাল্গুন ১৪৩০ / ০৭ মার্চ ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:


১) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর

২) পরিচালক (বিকল্প কর্মকর্তা), হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর

৩) পরিচালক (চলতি দায়িত্ব), সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর

৪) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)

৫) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)



৮-৩-২০২৪

মোঃ নাজমুল হক ভূঁইয়া (০২২০৭)

উপপরিচালক